**সিটিজেনস চার্টার**

# সেবা কার্যক্রম নির্দেশিকা
# (Service Providing Guideline)

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়

১২৫/এ দারুস সালাম, এ. ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬
ই-মেইল: bctibd2013@gmail.com ওয়েবসাইট: www.bcti.gov.bd

## ◘ প্রতিষ্ঠার প্রেক্ষাপট:

- চলচ্চিত্রশিল্প ও টেলিভিশনের মতো শক্তিশালী গণমাধ্যমের উন্নয়নে ২০১৩ সালের ১ নভেম্বর প্রতিষ্ঠিত হয় বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট। বাংলাদেশ জাতীয় সংসদের ২০১৩ সালের ২৩ নং আইন হিসাবে 'বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট আইন ২০১৩' পাশ হয় এবং তথ্য মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন অনুযায়ী আইনটি ০১ নভেম্বর ২০১৩ তারিখ থেকে কার্যকর হয়। ১০ সেপ্টেম্বর ২০১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট ও এর ১ম চলচ্চিত্র নির্মাণ প্রশিক্ষণ (ডিপ্লোমা) কোর্সের শুভ উদ্বোধন ঘোষণার মধ্য দিয়ে এ ইনস্টিটিউট যাত্রা শুরু করে।

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৫৭ সালে বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন (বিএফডিসি) প্রতিষ্ঠার মাধ্যমে দেশের চলচ্চিত্রে যে স্বর্ণালী অধ্যায়ের সূচনা করেছিলেন তারই সার্থক রূপায়ন 'বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট (বিসিটিআই)'।

- চলচ্চিত্রশিল্প অধ্যয়ন, গবেষণা ও শিক্ষার মাধ্যমে দেশের ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতির লালন এবং মুক্তিযুদ্ধের চেতনা বিকাশে প্রতিষ্ঠার পর থেকে অদ্যাবধি এ ইনস্টিটিউট নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বাংলাদেশে চলচ্চিত্র শিল্পের বিকাশ ও টেলিভিশন অনুষ্ঠান প্রযোজনার সূচনালগ্ন থেকে যে সকল গুণি-নির্মাতা, টেলিভিশন ব্যক্তিত্ব, চলচ্চিত্র-বোদ্ধা এবং শিল্পীগণ সম্পৃক্ত ছিলেন, নবসৃষ্ট এ ইনস্টিটিউটেও তাঁরা সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রমে সংযুক্ত রয়েছেন।

- "সাংস্কৃতিক অগ্রযাত্রায় নবতরঙ্গ" এই প্রতিপাদ্য ধারণ করে বিসিটিআই থেকে ইতোমধ্যে স্বল্প ও দীর্ঘমেয়াদি বিভিন্ন কোর্স সমাপ্তি শেষে শিক্ষার্থীরা বিভিন্ন ক্ষেত্রে কৃতিত্বপূর্ণ কাজের মাধ্যমে চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠান নির্মাণে গৌরবময় ভূমিকা রাখছেন।

## ◘ বিসিটিআই-এর কার্যক্রমের ভিশন, মিশন ও কৌশলগত উদ্দেশ্যসমূহ:

- **ভিশন (Vision):**

  চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠান নির্মাণে দক্ষ ও যোগ্য নির্মাতা এবং কলাকুশলী সৃষ্টি।

- **মিশন (Mission):**

  চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠান নির্মাণ বিষয়ে ডিগ্রি ও কারিগরি প্রশিক্ষণ প্রদানসহ এতদসংশ্লিষ্ট বিষয়ে অধ্যয়ন, গবেষণামূলক কর্মকাণ্ড ও প্রকাশনার মাধ্যমে চলচ্চিত্র ও টেলিভিশনের জন্য যোগ্য ও দক্ষ নির্মাতা এবং কলাকুশলী সৃষ্টি করা।

## ◘ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

- চলচ্চিত্র ও টেলিভিশন বিষয়ে কোর্সসমূহের গুণগত মান নিশ্চিত করা।
- চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠান নির্মাণ বিষয়ে প্রণোদনা সৃষ্টি করা।

## ◘ বিসিটিআই-এর কার্যাবলি:

- চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠান নির্মাণ বিষয়ে ডিপ্লোমা, স্নাতকোত্তর ডিপ্লোমা ও স্নাতক ডিগ্রিসহ অন্যান্য স্বল্পকালীন কোর্সের আয়োজন করা;
- চলচ্চিত্র এবং টেলিভিশন অনুষ্ঠান নির্মাতা ও কলাকুশলী এবং এতদসংশ্লিষ্ট ব্যক্তিদের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ কাঠামো নির্ধারণ, পরিচালন ও মূল্যায়ন করা;
- চলচ্চিত্র এবং টেলিভিশন অনুষ্ঠান নির্মাণ বিষয়ে সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ ইত্যাদির আয়োজন;
- জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে চলচ্চিত্র এবং টেলিভিশন অনুষ্ঠান নির্মাণ বিষয়ে গবেষণা কার্যক্রম গ্রহণ এবং উক্তরূপ গবেষণালব্ধ ফলাফল প্রকাশ;
- চলচ্চিত্র এবং টেলিভিশন অনুষ্ঠান নির্মাণের বিষয়ে পরামর্শক সেবা প্রদান;
- চলচ্চিত্র এবং টেলিভিশন অনুষ্ঠান নির্মাণের উপর বিশেষ অবদানের জন্য কোন ব্যক্তিকে বিশেষ সম্মাননা প্রদান;
- বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট আইন, ২০১৩-এর উদ্দেশ্য পূরণকল্পে প্রয়োজনীয় অন্য কোনো কার্যক্রম গ্রহণ;
- অনুসন্ধিৎসু পাঠক, গবেষক ও শিক্ষার্থীদের চিন্তনপ্রক্রিয়ার ধারক হিসেবে ইউনেস্কো-র ISSN নাম্বার প্রাপ্ত (ISSN-24156639) 'বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট পত্রিকা' নিয়মিতভাবে প্রকাশ করা।

## ◘ প্রশাসনিক/সাংগঠনিক কাঠামো:

- মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঐকান্তিক আগ্রহের ফলেই ২০১৩ সালের ১ নভেম্বর প্রতিষ্ঠিত হয় বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট (বিসিটিআই)। নবসৃষ্ট এই ইনস্টিটিউট পরিচালনার জন্য জনপ্রশাসন ও অর্থ মন্ত্রণালয়ে অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী, ৩৪টি পদের বিপরীতে ৮৭ টি জনবলের অনুমোদন পাওয়া গেছে।
- তবে, নবসৃষ্ট এ প্রতিষ্ঠানটি সংযুক্তি, চুক্তি, দৈনিক মজুরি ইত্যাদি ভিত্তিতে কর্মকর্তা/কর্মচারী নিয়ুক্তির মাধ্যমে সংক্ষিপ্ত পরিসরে এর কার্যক্রম পরিচালনা করছে।

## ◘ সেবা প্রদানের ক্ষেত্রসমূহ:

- চলচ্চিত্র নির্মাণ ও টেলিভিশন অনুষ্ঠান প্রযোজনা বিষয়ে স্বল্প ও দীর্ঘ মেয়াদি বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে ভর্তি
- প্রশিক্ষক হিসেবে অংশগ্রহণ
- বিসিটিআই প্রকাশনার জন্য লেখা গ্রহণ
- তথ্য প্রদান
- প্রশিক্ষণ কোর্স আয়োজন বিষয়ক তথ্য ও যোগাযোগ
- চলমান কোর্সসমূহের তথ্য ও যোগাযোগ

- গ্রন্থাগার ব্যবহারের সুবিধা
- টেন্ডার ও আর্থিক সেবা প্রদান
- প্রশিক্ষণ যন্ত্রপাতি বিষয়ক সেবা
- প্রকাশনা
- ক্রয়-বিক্রয়
- পরিবহন সুবিধা
- অফিসের ব্যবহার্য জিনিসপত্র ও অন্যান্য সুবিধা
- আর্থিক বিষয়াদি
- ছুটি

## ◘ সেবা প্রদানের পদ্ধতি বা কৌশল:

- প্রশিক্ষণ কোর্সে ভর্তি সংক্রান্ত তথ্য ও যোগাযোগের জন্য সেবা প্রদানের পদ্ধতি ই-মেইল, ফোনালাপ, সরাসরি যোগাযোগ, পত্রিকা, টিভি চ্যানেল ও সামাজিক যোগাযোগ মাধ্যমে করা হয়।
- প্রশিক্ষক হিসেবে অংশগ্রহণের সুযোগের জন্য ই-মেইলে সফটকপি বা সরাসরি যোগাযোগের মাধ্যমে হার্ডকপি সেবা প্রদানের পদ্ধতি হিসেবে ব্যবহৃত হয়।
- বিসিটিআই-এর প্রকাশনার লেখা গ্রহণের জন্য ই-মেইল, ফোনালাপ, সরাসরি যোগাযোগ, সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহৃত হয়।
- তথ্য অধিকার বিধিমালা, ২০০৯-এর ৮ ধারা অনুযায়ী তথ্য প্রাপ্তির জন্য নির্ধারিত ফরমে, সাদা কাগজে বা ক্ষেত্রমতে, ইলেক্ট্রনিক মিডিয়া বা ই-মেইল ব্যবহার্য।
- টেন্ডার ও আর্থিক সেবা প্রদান বিষয়ক তথ্য প্রাপ্তির জন্য বিসিটিআই-এর ই-মেইল ও ওয়েবসাইটে প্রদর্শিত তথ্যাবলী।
- চলমান কোর্সসমূহের তথ্য ও যোগাযোগের জন্য সরাসরি যোগাযোগ বা ফোনালাপ করা যেতে পারে।
- নির্ধারিত ফরম, কার্ড ব্যবহারের মাধ্যমে সরাসরি যোগাযোগপূর্বক গ্রন্থাগার ব্যবহারের সুবিধা প্রদান।
- এছাড়া, প্রকাশনা ক্রয়-বিক্রয় ও প্রশিক্ষণ যন্ত্রপাতি বিষয়ক যোগাযোগের জন্য সরাসরি যোগাযোগ করা যেতে পারে।

## ◘ সেবার মাধ্যমে জনগণ কিভাবে উপকৃত হয়:

- তথ্য প্রযুক্তির যুগে চলচ্চিত্র ও টেলিভিশন শুধু বিনোদনের মাধ্যমই নয়, বরং অন্যতম শক্তিশালী গণমাধ্যম হিসেবে দেশ, জাতি ও সমাজ গঠনে এ শিল্প গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তবে, এক্ষেত্রে দেশে প্রশিক্ষিত জনবলের সংকট রয়েছে। ফলে, অধ্যয়ন ও প্রশিক্ষণের মাধ্যমে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্‌বুদ্ধ তরুণ কর্মী গড়ে তুলতে বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউটের কার্যক্রম অব্যাহত রয়েছে।
- চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠান নির্মাণে তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞানার্জনের মাধ্যমে উৎসাহী জনসাধারণ প্রশিক্ষিত হয়।
- বিসিটিআই কর্তৃক বিভিন্ন ওয়ার্কশপ/সেমিনার আয়োজনের মাধ্যমে সংশ্লিষ্ট বিষয়ে আগ্রহী ব্যক্তি চলচ্চিত্র শিল্প অনুধাবন ও টিভি অনুষ্ঠান নির্মাণে সচেতন ও উদ্‌বুদ্ধ হয়।

## ◘ ভবিষ্যৎ পরিকল্পনা:

- চলমান ২ বছর মেয়াদি তৃতীয় ও চতুর্থ চলচ্চিত্র নির্মাণ প্রশিক্ষণ (স্নাতকোত্তর ডিপ্লোমা) কোর্স ও ১ বছর মেয়াদি চতুর্থ টেলিভিশন অনুষ্ঠান ও সংবাদ প্রযোজনা (স্নাতকোত্তর ডিপ্লোমা) কোর্স এবং অন্যান্য স্বল্পমেয়াদি কোর্সসমূহ সফলভাবে সম্পন্ন করা এবং ধীরে ধীরে দীর্ঘমেয়াদি ডিগ্রিসমূহকে মাস্টার্স ও স্নাতক সম্মান-এর সমপর্যায়ে উন্নীতকরণ।
- প্রসঙ্গত: বিসিটিআই-এর 'স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স' স্নাতকোত্তর বা মাস্টার্স ডিগ্রিতে রূপান্তরের সংশোধনী প্রস্তাবে ইতোমধ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিসভা সম্মতি জ্ঞাপন করেছে। এ সংশোধনী প্রস্তাব জাতীয় সংসদে চূড়ান্ত অনুমোদন লাভ করলে ইনস্টিটিউট উচ্চতর ডিগ্রি ও উচ্চতর গবেষণা বাস্তবায়নের সক্ষমতা অর্জন করবে।
- ইনস্টিটিউটের সাংগঠনিক কাঠামো ও যন্ত্রপাতির তালিকা এবং প্রবিধানমালা চূড়ান্তকরণ।
- নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা, নিজস্ব ক্যাম্পাস প্রতিষ্ঠা করা। নিজস্ব দক্ষ ও যোগ্য ফ্যাকাল্টি সৃষ্টি ও প্রয়োজনীয় যন্ত্রপাতি সরবরাহ নিশ্চিত করা।
- সমজাতীয় বিদেশি প্রতিষ্ঠানগুলির সাথে যোগাযোগ ও আন্ত:সম্পর্ক স্থাপন।

## ◘ সেবা প্রাপ্তির লক্ষ্যে করণীয়:

একজন সেবা গ্রহণকারী বিসিটিআই থেকে নির্ধারিত ফরম সম্পূর্ণভাবে পূরণ করে আবেদনপত্র জমা দেবেন এবং সঠিক মাধ্যমে প্রয়োজনীয় ফি (প্রযোজ্য ক্ষেত্রে) পরিশোধপূর্বক সাক্ষাতের জন্য নির্ধারিত সময়ের পূর্বেই উপস্থিত থাকার মাধ্যমে কাঙ্ক্ষিত সেবা গ্রহণ করতে পারবেন।

## ◘ সেবা প্রাপ্তিতে কোন অভিযোগ থাকলে কোথায় যাবেন:

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি বা GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তার দপ্তরে যোগাযোগ করা যাবে:

জনাব মো: মারুফ নাওয়াজ
পরিচালক
ফোন: ০২-৫৫০৭৯৪৪২, ই-মেইল: nawaznimc@yahoo.com
ওয়েব পোর্টাল: প্রতিষ্ঠানের ওয়েব পোর্টালের লিঙ্ক।

তবে, GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্দিষ্ট সময়ে অর্থাৎ ১০ কার্যদিবসের মধ্যে সমাধান দিতে ব্যর্থ হলে প্রধান নির্বাহীর দপ্তরে যোগাযোগ করতে পারবেন:

জনাব মোঃ রফিকুজ্জামান
প্রধান নির্বাহী (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৫৫০৭৯৩৪০ ও ০২-৫৫০৭৯৩৪৫, ই-মেইল: bctibd2013@gmail.com
উল্লেখ্য, এক্ষেত্রে অভিযোগ নিষ্পত্তির সময়সীমা ১০ কার্যদিবস।

## একনজরে নাগরিক সেবা কার্যক্রম নির্দেশিকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট

# সিটিজেনস চার্টার

### ১. ভিশন ও মিশন

**ভিশন (Vision):**

চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠান নির্মাণে দক্ষ ও যোগ্য নির্মাতা এবং কলাকুশলী সৃষ্টি।

**মিশন (Mission):**

চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠান নির্মাণ বিষয়ে ডিগ্রি ও কারিগরি প্রশিক্ষণ প্রদানসহ এতদসংশ্লিষ্ট বিষয়ে অধ্যয়ন, গবেষণামূলক কর্মকাণ্ড ও প্রকাশনার মাধ্যমে চলচ্চিত্র ও টেলিভিশনের জন্য যোগ্য ও দক্ষ নির্মাতা এবং কলাকুশলী সৃষ্টি করা।

### ২) সেবা প্রদান প্রতিশ্রুতি

### ২.১) নাগরিক সেবা

| ক্রম | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময় সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম,পদবি, ফোন ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | প্রশিক্ষণ কোর্সে ভর্তি সংক্রান্ত তথ্য ও যোগাযোগ | ই-মেইল, ফোনালাপ, সরাসরি যোগাযোগ, পত্রিকা, টিভি চ্যানেল ও সামাজিক যোগাযোগ মাধ্যম | প্রকাশিত বিজ্ঞাপনে চাহিত কাগজ পত্রাদি প্রাপ্তিস্থান: সংশ্লিষ্ট পত্রিকা, ওয়েবসাইট এবং পরিচালক-এর অফিস | পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনে প্রদত্ত তথ্যানুযায়ী | ১-৩ কার্যদিবস | জনাব মো: মারুফ নাওয়াজ<br>পরিচালক<br>ফোন: 02-৫৫০৭৯৪৪২<br>ই-মেইল:<br>nawaznimc@yahoo.com |
| ২. | প্রশিক্ষক হিসেবে অংশগ্রহণ | ই-মেইলে সফটকপি বা সরাসরি যোগাযোগের মাধ্যমে হার্ড কপি | জীবন বৃত্তান্ত এবং শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সত্যায়িত সনদপত্র | প্রযোজ্য নয় | ৩০ কার্যদিবস | জনাব মো: মারুফ নাওয়াজ<br>পরিচালক<br>ফোন: 02-৫৫০৭৯৪৪২<br>ই-মেইল:<br>nawaznimc@yahoo.com |
| ৩. | প্রকাশনার জন্য লেখা গ্রহণ | ই-মেইল, ফোনালাপ, সরাসরি যোগাযোগ, সামাজিক | লেখা/নিবন্ধ, সংশ্লিষ্ট ছবি, সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত-এর সফটকপি ও হার্ড | প্রযোজ্য নয় | ৯০ কার্যদিবস | জনাব মো: মাহমুদুন নবী<br>উপপরিচালক (প্রশাসন ও অর্থ)<br>ফোন: ০২-৫৫০৭৩৯৪৩<br>ই-মেইল: |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | যোগাযোগ মাধ্যম | কপি | | | mnabi_233@yahoo.com |
| ৪. | তথ্য প্রদান | নির্ধারিত ফরমে, সাদা কাগজে বা ক্ষেত্রমতে, ইলেক্ট্রনিক মিডিয়া বা ই-মেইলে | নির্ধারিত ফরম প্রাপ্তিস্থান: ওয়েব সাইট/প্রশাসন শাখা | তথ্য অধিকার বিধিমালা (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) ২০০৯ এর ৮ ধারা অনুযায়ী মূল্য পরিশোধযোগ্য | ১-৩ দিন | জনাব মো: মাহমুদুন নবী<br>উপপরিচালক (প্রশাসন ও অর্থ)<br>ফোন: ০২-৫৫০৭৩৯৪৩<br>ই-মেইল:<br>mnabi_233@yahoo.com |
| ৫. | টেন্ডার ও আর্থিক সেবা প্রদান বিষয়ক তথ্য | | বিজ্ঞাপনে প্রকাশিত চাহিদা অনুযায়ী সরাসরি যোগাযোগ/ ই-মেইল/ওয়েবসাইট | পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনে প্রদত্ত তথ্যানুযায়ী | ১-৩০ দিন | জনাব তারিক মোহাম্মদ<br>সহকারী পরিচালক (অর্থ)<br>ফোন: ০২-৫৫০৭৯৩৪১<br>ই-মেইল:<br>tariq_august@yahoo.com |

## ২.২) অভ্যান্তরীণ সেবা

| ক্রম | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময় সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম,পদবি, ফোন ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | পরিবহন সুবিধা | দৈনিক যোগাযোগ ও বিশেষ ক্ষেত্রে নির্ধারিত ফরমে চাহিদাপত্র প্রদানের মাধ্যমে | বিশেষ ক্ষেত্রে নির্ধারিত ফরম প্রাপ্তিস্থান: প্রশাসন শাখা | সরকারি বিধি মোতাবেক | ১-৩ কার্যদিবস | জনাব মো: মারুফ নাওয়াজ<br>পরিচালক<br>ফোন: 02-৫৫০৭৯৪৪২<br>ই-মেইল:<br>nawaznimc@yahoo.com |
| ২. | অফিসের ব্যবহার্য জিনিসপত্র ও অন্যান্য সুবিধা | নির্ধারিত ফরমে চাহিদাপত্র প্রদানের মাধ্যমে | বিশেষ ক্ষেত্রে নির্ধারিত ফরম প্রাপ্তিস্থান: প্রশাসন শাখা | বিনামূল্যে | ২-৭ কার্যদিবস | জনাব মো: মারুফ নাওয়াজ<br>পরিচালক<br>ফোন: 02-৫৫০৭৯৪৪২<br>ই-মেইল:<br>nawaznimc@yahoo.com |
| ৩. | ছুটি | লিখিত আবেদনপত্র | স্ব-উপস্থাপনযোগ্য | বিনামূল্যে | ১-৩ কার্যদিবস | জনাব মোঃ মাসুম-উল-আলম<br>সহকারী পরিচালক (প্রশাসন)<br>ফোন: ০২-৫৫০৭৯৪৪২<br>ই-মেইল:<br>masumul75@gmail.com |
| ৪. | আর্থিক বিষয়াদি | সরাসরি যোগাযোগ, ব্যাংক | প্রযোজ্য ক্ষেত্রে বিল, ভাউচার, স্ট্যাম্প, দলিল ইত্যাদি প্রাপ্তিস্থান: অর্থ শাখা | বিনামূল্যে | ৩-১৫ কার্যদিবস | জনাব তারিক মোহাম্মদ<br>সহকারী পরিচালক (অর্থ)<br>ফোন: ০২-৫৫০৭৯৩৪১<br>ই-মেইল:<br>tariq_august@yahoo.com |
| ৫. | প্রশিক্ষণ কোর্স আয়োজন বিষেয়ক তথ্য ও যোগাযোগ | সরাসরি যোগাযোগ, ফোনালাপ, ই-মেইল, সামাজিক যোগাযোগ মাধ্যম | প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইট, বিসিটিআই-এর সংশ্লিষ্ট শাখা | বিনামূল্যে | ২৪ ঘন্টা | জনাব মো: মারুফ নাওয়াজ<br>পরিচালক<br>ফোন: 02-৫৫০৭৯৪৪২<br>ই-মেইল:<br>nawaznimc@yahoo.com |
| ৬. | চলমান কোর্স সমুহের তথ্য ও যোগাযোগ | সরাসরি যোগাযোগ বা ফোনালাপ | প্রয়োজন নেই | বিনামূল্যে | ২৪ ঘন্টা | জনাব মো: মারুফ নাওয়াজ<br>পরিচালক<br>ফোন: 02-৫৫০৭৯৪৪২<br>ই-মেইল:<br>nawaznimc@yahoo.com |
| ৭. | গ্রন্থাগার | সরাসরি | নির্ধারিত ফরম, | সদস্যপদ | ১-২ | মিজ মুঞ্জিলা খানম |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | ব্যবহারের সুবিধা | যোগাযোগ | কার্ড, নিবন্ধন বই | ফি: ১০০০ টাকা | কার্যদিবস | গ্রন্থাগার সহকারী<br>ই-মেইল:<br>munjelabcti09@gmail.com<br>ফোন: ০২-৫৫০৭৯৪৫১ |
| ৮. | প্রশিক্ষণ যন্ত্রপাতি বিষয়ক সেবা | সরাসরি যোগাযোগ | নির্ধারিত ফরম, নিবন্ধন বই | বিনামূল্যে | ৩-৭ কার্যদিবস | জনাব মো: মারুফ নাওয়াজ<br>পরিচালক<br>ফোন: 02-৫৫০৭৯৪৪২<br>ই-মেইল:<br>nawaznimc@yahoo.com |
| ৯. | প্রকাশনা ক্রয়-বিক্রয় | সরাসরি যোগাযোগ | প্রাপ্তিস্থান: বিসিটিআই পত্রিকার পরিবেশক: প্যাপিরাস, আজিজ সুপার মার্কেট, শাহাবাগ, ঢাকা।<br>পাঠক সমাবেশ: আজিজ সুপার মার্কেট, শাহাবাগ, ঢাকা। | নির্ধারিত হারে | ১-৩ দিন | মিজ মুঞ্জিলা খানম<br>গ্রন্থাগার সহকারী<br>ই-মেইল:<br>munjelabcti09@gmail.com<br>ফোন: ০২-৫৫০৭৯৪৫১ |

### ২.৩) আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা কর্তৃক প্রদত্ত সেবা

### ৩) অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি (GRS)

| ক্রম | কখন যোগাযোগ করবেন | যোগাযোগের ঠিকানা | নিষ্পত্তির সময়সীমা |
|---|---|---|---|
| ১. | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে | GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম ও পদবি:<br>জনাব মো: মারুফ নাওয়াজ<br>পরিচালক<br>ফোন: 02-৫৫০৭৯৪৪২<br>ই-মেইল: nawaznimc@yahoo.com<br>ওয়েব পোর্টাল: প্রতিষ্ঠানের ওয়েব পোর্টালের লিঙ্ক | ১০ কার্যদিবস |
| ২. | GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে ব্যর্থ হলে | জনাব মোঃ রফিকুজ্জামান<br>প্রধান নির্বাহী (অতিরিক্ত সচিব)<br>ফোন: ০২-৫৫০৭৯৩৪০ ও ০২-৫৫০৭৯৩৪৫<br>ই-মেইল: bctibd2013@gmail.com | ১০ কার্যদিবস |

### ৪) আপনার কাছে আমাদের প্রত্যাশা

| ক্রম | প্রতিশ্রুত/কাঙ্ক্ষিত সেবা প্রাপ্তির লক্ষ্যে করণীয় |
|---|---|
| ১. | নির্ধারিত ফরমে সম্পূর্ণভাবে পূরণকৃত আবেদন জমা প্রদান |
| ২. | সঠিক মাধ্যমে প্রয়োজনীয় ফি (প্রযোজ্য ক্ষেত্রে) পরিশোধ করা |
| ৩. | সাক্ষাতের জন্য নির্ধারিত সময়ের পূর্বেই উপস্থিত থাকা |

## ◘ ইনস্টিটিউটের পরিচালনা ও প্রশাসন:

- ইনস্টিটিউটের পরিচালনা ও প্রশাসনিক কার্যক্রম ২২ সদস্য বিশিষ্ট একটি গভর্নিং বডি কর্তৃক অনুমোদনের মাধ্যমে পরিচালিত হয়ে থাকে।

## গভর্নিং বডির সদস্যগণের নামের তালিকা:

| ক্রম | সম্মানিত সদস্যদের নাম ও ঠিকানা | পদবি |
|---|---|---|
| ১. | জনাব মো: আব্দুল মালেক<br>সচিব<br>তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | চেয়ারম্যান |
| ২. | মহাপরিচালক<br>জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা। | সদস্য |
| ৩. | জনাব মো: মুহিবুল হোসেইন | সদস্য |

| | | |
|---|---|---|
| | অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র)<br>তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | |
| ৪. | যুগ্মসচিব<br>সি-আর অধিশাখা<br>জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সদস্য |
| ৫. | বেগম মাহমুদা খাতুন<br>যুগ্ম-সচিব<br>অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সদস্য |
| ৬. | জনাব রোকসানা মালেক, এনডিসি<br>অতিরিক্ত সচিব<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সদস্য |

| ক্রম | সম্মানিত সদস্যদের নাম ও ঠিকানা | পদবি |
|---|---|---|
| ৭. | জনাব আবু সাইদ মাহমুদ খান<br>যুগ্মসচিব<br>মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সদস্য |
| ৮. | মহাপরিচালক<br>বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা। | সদস্য |
| ৯. | ব্যবস্থাপনা পরিচালক<br>বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, তেজগাঁও, ঢাকা। | সদস্য |
| ১০. | মহাপরিচালক<br>বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা। | সদস্য |
| ১১. | মহাপরিচালক<br>চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা। | সদস্য |
| ১২. | জনাব অধ্যাপক ড.এ.জে.এম শফিউল আলম ভূইয়া<br>টেলিভিশন ও চলচ্চিত্র বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা। | সদস্য |
| ১৩. | জনাব মতিন রহমান<br>১২/১৩, ইকবাল রোড, মোহাম্মাদপুর, ঢাকা-১২০৭। | সদস্য |
| ১৪. | জনাব সৈয়দ হাসান ইমাম<br>অভিনেতা, চলচ্চিত্র  নিমার্তা ও প্রযোজক<br>ফ্ল্যাট-১, এ/১, নাভানা বানু গার্ডেন, ১১৫ বড় মগবাজার (কাজী অফিসের গলি), ঢাকা-১২১৭। | সদস্য |
| ১৫. | জনাব রামেন্দু মজুমদার<br>চলচ্চিত্র ব্যক্তিত্ব<br>বাসা- ১০/এ, রোড- ২৫/এ, ব্লক-এ, বনানী, ঢাকা। | সদস্য |
| ১৬. | জনাব মামুনুর রশীদ<br>নাট্যকার, অভিনেতা ও নির্দেশক<br>৯৭, সড়ক ৯/এ, ধানমণ্ডি, ঢাকা-১২০৯। | সদস্য |
| ১৭. | জনাব নাসির উদ্দিন ইউসুফ<br>সাংস্কৃতিক ব্যক্তিত্ব<br>১১/১ খ, পুরানা পল্টন লাইন, ঢাকা। | সদস্য |
| ১৮. | জনাব মসিহ্উদ্দিন শাকের<br>চলচ্চিত্র পরিচালক | সদস্য |

| | | |
|---|---|---|
| | ইস্টার্ন প্যালেস, ফ্ল্যাট নং-৪/৭০১, ২১ সিদ্বেশ্বরী লেন, ঢাকা। | |
| ১৯. | জনাব মোরশেদুল ইসলাম<br>চলচ্চিত্র ব্যক্তিত্ব<br>এপার্টমেন্ট-৩ডি, হাউজ নং-৪৫, রোড- ৪/এ, ধানমণ্ডি, ঢাকা। | সদস্য |
| ২০. | জনাব তানভীর মোকাম্মেল<br>চলচ্চিত্র প্রযোজক ও পরিচালক<br>ফ্ল্যাট-৫, সি-১, বাড়ী-১৫ রোড-১০, ধানমণ্ডি আ/এ, ঢাকা। | সদস্য |
| ২১. | জনাব চিন্ময় মুৎসুদ্দি<br>বিশিষ্ট সাংবাদিক<br>আর্কেডিয়া, গ্রোভ, বাড়ি-৬, রোড-১৫ (নতুন), ২৮ (পুরাতন), ধানমণ্ডি, ঢাকা। | সদস্য |
| ২২. | প্রধান নির্বাহী (অতিরিক্ত সচিব)<br>বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট, ঢাকা। | সদস্য-সচিব |

## ◘ প্রশিক্ষণ কোর্স পরিচালনা:

- ইনস্টিটিউট-এর প্রশিক্ষণ প্রদান সম্পর্কিত বিষয়াবলি তদারকি, পাঠ্য বিষয় নির্বাচন এবং এতদবিষয়ে প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদানের জন্য ১১ সদস্য বিশিষ্ট একটি একাডেমিক কাউন্সিল রয়েছে।

## কোর্স পরিচালনা কমিটির সদস্যগণের নামের তালিকা:

| ক্রম | সদস্যের নাম/পদবি ও ঠিকানা | দায়িত্ব |
|---|---|---|
| ১. | জনাব মো: রফিকুজ্জামান<br>প্রধান নির্বাহী (অতিরিক্ত সচিব)<br>বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট, ঢাকা। | সভাপতি |
| ২. | জনাব সৈয়দ হাসান ইমাম<br>অভিনেতা, চলচ্চিত্র নির্মাতা ও প্রযোজক এবং<br>সদস্য, গভর্নিং বডি, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট, ঢাকা। | সদস্য |
| ৩. | জনাব নাসিরউদ্দিন ইউসুফ<br>সাংস্কৃতিক ব্যক্তিত্ব এবং<br>সদস্য, গভর্নিং বডি, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট, ঢাকা। | সদস্য |
| ৪. | জনাব মোরশেদুল ইসলাম<br>চলচ্চিত্র ব্যক্তিত্ব এবং<br>সদস্য, গভর্নিং বডি, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট, ঢাকা। | সদস্য |
| ৫. | জনাব মামুনুর রশীদ<br>নাট্যকার, অভিনেতা ও নির্দেশক এবং<br>সদস্য, গভর্নিং বডি, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট, ঢাকা। | সদস্য |
| ৬. | জনাব মসিহ্উদ্দিন শাকের<br>চলচ্চিত্র পরিচালক ও শিক্ষক এবং<br>সদস্য, গভর্নিং বডি ও কোর্স পরিচালক,<br>৪র্থ চলচ্চিত্র নির্মাণ প্রশিক্ষণ (স্নাতকোত্তর ডিপ্লোমা) কোর্স,<br>বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট, ঢাকা। | সদস্য |
| ৭. | জনাব ম. হামিদ<br>কোর্স পরিচালক<br>৪র্থ টেলিভিশন অনুষ্ঠান ও সংবাদ প্রযোজনা (স্নাতকোত্তর ডিপ্লোমা) কোর্স, বিসিটিআই, ঢাকা। | সদস্য |
| ৮. | জনাব মানজারেহাসীন মুরাদ<br>কোর্স উপদেষ্টা,<br>৩য় চলচ্চিত্র নির্মাণ প্রশিক্ষণ (স্নাতকোত্তর ডিপ্লোমা) কোর্স,<br>বিসিটিআই, ঢাকা। | সদস্য |
| ৯. | মিজ শাহনাজ নাসরীন<br>কোর্স পরিচালক<br>৩য় চলচ্চিত্র নির্মাণ প্রশিক্ষণ (স্নাতকোত্তর ডিপ্লোমা) কোর্স,<br>বিসিটিআই, ঢাকা। | সদস্য |
| ১০. | জনাব মোঃ মাহমুদুন নবী<br>উপপরিচালক<br>বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট, ঢাকা। | সদস্য |
| ১১. | জনাব মোঃ মারুফ নাওয়াজ<br>পরিচালক | সদস্য-সচিব |

| | বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট, ঢাকা। | |
|---|---|---|

## ◘ কোর্স পরিচালনার সাথে যাঁরা সংযুক্ত:

- সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ ব্যক্তিগণ কোর্স পরিচালনার সাথে জড়িত রয়েছেন।

| ক্রম | নাম ও পদবি | টেলিফোন | মোবাইল | ই-মেইল |
|---|---|---|---|---|
| ১. | জনাব ম. হামিদ<br>কোর্স পরিচালক<br>৪র্থ টেলিভিশন অনুষ্ঠান ও সংবাদ প্রযোজনা (ডিপ্লোমা) কোর্স | ৯০০৭৪১০-৪ | ০১৭১১৬৬৩২৩৩ | mhamid06@yahoo.com |
| ২. | জনাব মানজারেহাসীন মুরাদ<br>কোর্স উপদেষ্টা,<br>৩য় চলচ্চিত্র নির্মাণ প্রশিক্ষণ (স্নাতকোত্তর ডিপ্লোমা) কোর্স | ৯০০৭৪১০-৪ | ০১৮১৯২৩৭৪৭৭ | murad.kmh@gmail.com |
| ৩. | মিজ শাহনাজ নাসরীন<br>কোর্স পরিচালক<br>৩য় চলচ্চিত্র নির্মাণ প্রশিক্ষণ (স্নাতকোত্তর ডিপ্লোমা) কোর্স | ৯০০৭৪১০-৪ | ০১৯১৭২৫৭২৩৭ | nasreen_smch@yahoo.com |
| ৪. | মিজ সুচিত্রা সরকার<br>কোর্স সমন্বয়ক<br>৪র্থ টেলিভিশন অনুষ্ঠান ও সংবাদ প্রযোজনা (স্নাতকোত্তর ডিপ্লোমা) কোর্স | ৯০০৭৪১০-৪ | ০১৯১৭৪৩৩১৬৬ | suchitrabcti2015@gmail.com |
| ৫. | জনাব খন্দকার এরফান আলী<br>কোর্স সমন্বয়ক<br>৩য় চলচ্চিত্র নির্মাণ প্রশিক্ষণ (স্বাতকোত্তর ডিপ্লোমা) কোর্স | ৯০০৭৪১০-৪ | ০১৯২১০৫১১৪৩ | erfanbiplob75@gmail.com |
| ৬. | মিজ জান্নাতুল ফেরদৌস<br>কোর্স সমন্বয়ক<br>৪র্থ চলচ্চিত্র নির্মাণ প্রশিক্ষণ (স্নাতকোত্তর ডিপ্লোমা) কোর্স | ৯০০৭৪১০-৪ | ০১৭১৫০২৫৩৭৪ | neela.july@gmail.com |

## ◘ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, ফোন ও ই-মেইল:

- দাপ্তরিক প্রয়োজনে নিম্নলিখিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ সেবা প্রদান করবেন:

| ক্রম | নাম ও পদবি | টেলিফোন | মোবাইল | ই-মেইল |
|---|---|---|---|---|
| ১. | জনাব মোঃ রফিকুজ্জামান<br>প্রধান নির্বাহী (অতিরিক্ত সচিব) | ০২-৫৫০৭৯৩৪০<br>০২-৫৫০৭৯৩৪৫ | ০১৭১১১১২২৫৭ | bctibd2013@gmail.com |
| ২. | জনাব মোঃ মারুফ নাওয়াজ<br>পরিচালক | ০২-৫৫০৭৯৩৪২ | ০১৫৫২৪৬১১৮৪ | nawaznimc@yahoo.com |
| ৩. | জনাব মোঃ মাহমুদুন নবী | ০২- | ০১৭০৮৫২২৬০১ | mnabi_233@yahoo.com |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) | ৫৫০৭৩৯৪৩ | | |
| ৪. | জনাব তারিক মোহাম্মদ<br>সহকারী পরিচালক (রেজিস্ট্রেশন ও পরীক্ষা) | ০২-৫৫০৭৯৩৪০ | ০১৯১২২৩৯৪০৬ | tariq_august@yahoo.com |
| ৫. | জনাব মোঃ মাসুম-উল-আলম<br>সহকারী পরিচালক (প্রশাসন) | ০২-৫৫০৭৯৪৪২ | ০১৫৫২৪৫৯৯৪৬ | masumul75@gmail.com |

## ◘ বিসিটিআই-এর প্রকাশনাসমূহ:

- ‘চলচ্চিত্র অধ্যয়ন ও প্রশিক্ষণ’ শীর্ষক পাঠ্যপুস্তক
- ‘সম্পাদনা চর্চা’ শীর্ষক পাঠ্যপুস্তক
- ‘চলচ্চিত্রসংগীত ও শব্দযোগের ভাষা’ শীর্ষক পাঠ্যপুস্তক
- বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট পত্রিকা (১ম সংখ্যা)
- বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট পত্রিকা (২য় সংখ্যা)
- বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট পত্রিকা (৩য় সংখ্যা)
- বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট পত্রিকা (৪র্থ সংখ্যা)
- বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট পত্রিকা (৫ম সংখ্যা)
- বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট পত্রিকা (৬ষ্ঠ সংখ্যা)
- ‘সাংস্কৃতিক অগ্রযাত্রায় নবতরঙ্গ’ বিসিটিআই-র প্রতিষ্ঠা এবং কার্যক্রম সম্পর্কিত প্রচার-পুস্তিকা
- ইনস্টিটিউট-এর প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে ২টি স্মরণিকা পাঠ্যপুস্তক
- বিসিটিআই-এর সেবা কার্যক্রম বিষয়ে ‘সিটিজেনস চার্টার’ বিষয়ক পুস্তিকা
- ‘২য় চলচ্চিত্র ও টেলিভিশনে অভিনয় বিষয়ক প্রশিক্ষণ কোর্স’ বিষয়ক বুকলেট